

ঢাবি শিবিরের পূর্ণাঙ্গ কমিটি গঠন

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৯:০১, ২২ জানুয়ারি ২০২৫



ছবি সংগৃহীত

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সেক্রেটারিয়েট ২০২৫-এর তালিকা ঘোষণা করা হয়েছে। বুধবার (২২ জানুয়ারি) শাখা সভাপতি এস এম ফরহাদ স্বাক্ষরিত তালিকা আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়।

UNIBOTS

এর আগে, ২ জানুয়ারি ছাত্রশিবির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সদস্যদের উপস্থিতিতে শহীদ মাহবুবুর রহমান অডিটোরিয়ামে সদস্য সমাবেশ অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় সভাপতি জাহিদুল ইসলামের নেতৃত্বে এবং কেন্দ্রীয় কার্যকরী পরিষদের সদস্যদের উপস্থিতিতে সদস্যদের প্রত্যক্ষ ভোটে এস এম ফরহাদ শাখা সভাপতি নির্বাচিত হন এবং সদস্যদের

পরামর্শের ভিত্তিতে মহিউদ্দিন খান ও কাজী আশিক যথাক্রমে সেক্রেটারি ও সাংগঠনিক সম্পাদক মনোনীত হন।

নবগঠিত সেক্রেটারিয়েটের দায়িত্বপ্রাপ্তরা বাকিরা হলেন:

অফিস সম্পাদক মোঃ ইমরান হোসাইন, বিজ্ঞান সম্পাদক মোঃ ইকবাল হায়দার, ব্যবসায় শিক্ষা সম্পাদক হাসান মোহাম্মদ ইয়াসির, মানবসম্পদ উন্নয়ন সম্পাদক মাজহারুল ইসলাম, ছাত্রকল্যাণ সম্পাদক নুরুল ইসলাম নূর, প্রকাশনা সম্পাদক মোঃ আনিছ মাহমুদ ছাকিব, ছাত্র অধিকার ও দক্ষতা উন্নয়ন সম্পাদক মাজহারুল ইসলাম মুজাহিদ, প্রচার ও মিডিয়া সম্পাদক: মু. সাজ্জাদ হোসাইন খাঁন, অর্থ সম্পাদক নুরুল ইসলাম সাব্বির, শিক্ষা সম্পাদক আব্দুল্লাহ আল-আমিন, সাহিত্য ও স্পোর্টস সম্পাদক মো. মিফতাহুল হোসাইন আল মারুফ, দাওয়াহ সম্পাদক হামিদুর রশিদ জামিল, আন্তর্জাতিক ও গবেষণা সম্পাদক ছৈয়দ তানবীর হাসান জাহিন, আইন ও মানবাধিকার সম্পাদক মোঃ শরীফুল ইসলাম মুয়াজ্জ ও তথ্যপ্রযুক্তি সম্পাদক আব্দুল্লাহ আল মাহমুদ।